



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

এই যুগ

EI YUG

ডাউনলোড
“এই যুগ
অ্যাপ”



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 11 OCTOBER 2026, SUNDAY | ১১ অক্টোবর ২০২৬, রবিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-307

ইডেন গার্ডেন্সে সাংস্কৃতিক অনুষ্ঠানে তিন হাজার ঢাকের একসঙ্গে বাজনার “গিনেস ওয়ার্ল্ড রেকর্ড” তৈরি হল

বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেন রাজ্যপাল ও মুখ্যমন্ত্রী



ভাস্কর সেহানবিশ, এই যুগ, কলকাতা, ১০ অক্টোবর : শনিবার মহালয়ার সন্ধ্যায় কলকাতার ইডেন গার্ডেন্সে এক বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেন রাজ্যপাল আরএন রবি, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার, পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল, ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ, বনমন্ত্রী মনোজ কুমার গুঁরাও, মুখ্য সচিব মনোজ কুমার আগরওয়াল। সেখানে উপস্থিত ছিলেন প্রশাসন, সংস্কৃতি ও ক্রীড়া জগতের বিশিষ্ট ব্যক্তিবর্গ। অনুষ্ঠানের মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, “২০২৫ এর তুলনায় এ বছর ১২৪০০ টি নতুন দুর্গাপূজা কে অনুদান দিচ্ছে রাজ্য সরকার। এই অনুদান নিতে ইচ্ছুক দুর্গা পূজা কমিটি গুলিকে এক লক্ষ টাকা করে আজ থেকেই দেওয়া শুরু হয়েছে।” তিনি আরও বলেন, “কলকাতার দূশোর বেশি দুর্গাপূজা কমিটি এই অনুদান গ্রহণ না করে গ্রামীণ ও মহিলা পরিচালিত পূজা কমিটিগুলিকে দেওয়ার আবেদন করেছে।” এছাড়াও পূজা উপলক্ষে প্যান্ডেলের বিদ্যুৎ খরচ সম্পূর্ণ বিনামূল্যে, দমকলের অনুমতি দেওয়া এবং সারা রাজ্য জুড়ে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করার কথাও তিনি ঘোষণা করেন। প্রতিমা নিরঞ্জন ২৪ অক্টোবরের মধ্যে সম্পন্ন করার আবেদনও তিনি রেখেছেন। আজ সান্ধ্যকালীন এই বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানে তিন হাজার ঢাকের একযোগে বাজনার “গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ড” তৈরি হয়েছে।

চারশো আটানববই বোতল নিষিদ্ধ কফ সিরাপ সহ গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ১০ অক্টোবর : মুর্শিদাবাদ জেলা পুলিশের সাগরপাড়া থানার পুলিশ শনিবার বিকালে গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে থানা এলাকায় অভিযান চালিয়ে দুই ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক দুই ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় চারশো আটানববই বোতল নিষিদ্ধ কফ সিরাপ। উদ্ধার করা কফ সিরাপ বাজেয়াপ্ত করে পুলিশ আটক দুই ব্যক্তিকে গ্রেপ্তার করে তাদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে আদালতে পাঠানোর প্রস্তুতি নিয়েছে। পরবর্তী পর্যায়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

আলিপুরদুয়ারে পূর্ণাঙ্গ মেডিকেল কলেজের জায়গা পরিদর্শন করলেন বিধায়ক



মলয় দেবনাথ, এই যুগ, আলিপুরদুয়ার, ১০ অক্টোবর : আলিপুরদুয়ার জেলায় পূর্ণাঙ্গ মেডিকেল কলেজ তৈরি করা হবে আলিপুরদুয়ার জেলা শহর সংলগ্ন মাঝির ডাবরি চা বাগানের ম্যানেজার এবং মহকুমা শাসকের সঙ্গে নিয়ে এলাকা পরিদর্শন করলেন আলিপুরদুয়ারের বিধায়ক পরিতোষ দাস। যদিও বিধায়ক জানিয়েছেন পূর্ণাঙ্গ মেডিকেল কলেজ হবে তার জন্য প্রাথমিকভাবে ষাট বিঘা জমির নেওয়া হচ্ছে পরবর্তীতে জমি আরো নেওয়া হতে পারে। অনেক উচ্চ জায়গা রেল লাইনের কোন সমস্যা নেই ফলে ওই জায়গা কে বেছে নিয়েছেন প্রশাসনিক কর্তারা। প্রাথমিকভাবে তারা পরিদর্শন করে গেছেন এরপর স্বাস্থ্য দপ্তরের বিভিন্ন কর্মকর্তারা আসবেন পরিদর্শনে।

শেষ হলো বাগডোগরা বিমান বন্দরে যাত্রী সেবা অভিযান



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১০ অক্টোবর : বিমান বন্দরের যাত্রী স্বাচ্ছন্দ্যের পাশাপাশি উন্নত পরিষেবা প্রদান ও বিমান বন্দর চত্বরকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে সেপ্টেম্বর মাসের সতেরো তারিখ থেকে শুরু হওয়া যাত্রী সেবা অভিযান এর সমাপ্তি হলো শনিবার। বিমান বন্দর কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে বিমানযাত্রীদের বিভিন্ন অভিযোগ, পরামর্শ ও প্রতিক্রিয়ার উপর যাত্রী সেবা অভিযানে গুরুত্ব দিয়ে বিমানবন্দর চত্বরের বিভিন্ন এলাকা সহ টার্মিনাল ভবন, শৌচাগার পরিষ্কার পরিচ্ছন্ন রাখার উপর জোর দেওয়া হয়েছে। পাশাপাশি বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তি, প্রবীণ নাগরিক, শিশু ও মহিলাদের সুযোগ সুবিধাগুলি পর্যালোচনা করা হয়। যাত্রীদের সাথে বিমান বন্দরের কর্মীদের ব্যবহার উন্নত করা, বিমান বন্দরের নিরাপত্তা ব্যবস্থা, চিকিৎসা পরিষেবা, জরুরি পরিস্থিতির মোকাবিলায় বিষয়গুলিও পর্যালোচনা করা হয়। উত্তরবঙ্গের ঐতিহ্য ও সংস্কৃতিকে তুলে ধরতে আয়োজিত হয় উত্তরবঙ্গের বিভিন্ন লোকনৃত্য ও হস্ত শিল্পের প্রদর্শনী। বিমান বন্দর এর ডিরেক্টর জানান সেবা অভিযানে প্রাপ্ত যাত্রীদের পরামর্শ ও মতামতকে ভিত্তি করে আগামীদিনে বিমান যাত্রী পরিষেবা সহ বিমান বন্দরের সুযোগ সুবিধার উন্নয়নে ধারাবাহিকভাবে কাজ করা হবে।

বানারহাট থানা এলাকায় চুরির ঘটনায় পাঞ্জিপাড়া থেকে বমাল গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,১০ অক্টোবর : জলপাইগুড়ি জেলার বানারহাট থানার বিল্লাগুড়ি হাটখোলা এলাকায় চলতি মাসের সাত তারিখ এক বাড়িতে একটি চুরির ঘটনা ঘটে। বাড়ির মালিক বানারহাট থানায় চুরির অভিযোগ দায়ের করে জানান তার ঘর থেকে নগদ ত্রিশ হাজার টাকা ও একজোড়া সোনার কানের দুল চুরি গিয়েছে। অভিযোগ পেয়ে পুলিশ তদন্তে নেমে বানারহাট থানার পুলিশ উত্তরদিনাজপুর ইসলামপুর মহকুমার পাঞ্জিপাড়া আউটপোস্টের পুলিশের সহায়তায় থেকে অভিযুক্তকে গ্রেপ্তার করে শুক্রবার রাতে। ধৃতের হেফাজত থেকে উদ্ধার হয় নগদ পনেরো হাজার টাকা, সোনা রূপার গহনা, একটি চার চাকার ছোট গাড়ি ও একটি লোহার রড। পুলিশের অনুমান লোহার রডটি তাল্লা ভাস্কর কাজে ব্যবহার করা হতো আর গাড়িটিও অপরাধমূলক কাজে ব্যবহার হতো। ধৃতের থেকে আরও ছয়টি সোনার গহনার টুকরা উদ্ধার হয়। বানারহাট থানার পুলিশ ধৃতকে বানারহাটে নিয়ে আসে শনিবার। তার বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আদালতে পেশ করার প্রস্তুতি নেওয়া হয়েছে বলে জানিয়েছে পুলিশ। এই ঘটনায় আরও কেউ জড়িত আছে কিনা তা খতিয়ে দেখছে পুলিশ।

প্রাতঃভ্রমণে বেরিয়ে দাঁতাল হাতির হামলায় মৃত্যু হল বৃদ্ধের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ অক্টোবর : মহালয়ার ভোরে মর্নিংওয়াকে বেরিয়ে আর বাড়ি ফেরা হল না বৃদ্ধের। দাঁতাল হাতির হামলায় মৃত্যু হল বীরপাড়া চা বাগানের মুন্সি লাইন এলাকার বাসিন্দা লক্ষ্মীনারায়ণ ভগতের (৭১)। শনিবার ভোরের এই ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, প্রতিদিনের মতো এদিনও ভোরে মর্নিংওয়াকে বেরিয়েছিলেন লক্ষ্মীনারায়ণবাবু। ভোর পাঁচটা থেকে সাড়ে পাঁচটার মধ্যে ঘটনাটি ঘটে। অভিযোগ, সেই সময় আচমকাই একটি দাঁতাল হাতির সামনে পড়ে যান তিনি। হাতিটি তাঁকে শুঁড়ে তুলে আছাড় মারলে ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়। এলাকার বাসিন্দা সুনীল ঠাকুর জানান, প্রতিদিনের মতো শনিবার ভোরেও এলাকার অনেকেই মর্নিংওয়াকে বেরিয়েছিলেন। সেই সময় তাঁদের চোখের সামনেই হাতিটিকে লক্ষ্মীনারায়ণ ভগতকে তুলে আছাড় দিতে দেখা যায়। এই দৃশ্য দেখে আতঙ্কিত হয়ে চিৎকার শুরু করেন স্থানীয়রা। খবর দেওয়া হয় বন দপ্তরের দলগাঁও রেঞ্জ এবং বীরপাড়া থানায়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে নিয়ে যায় বলে জানা গিয়েছে। মৃত বৃদ্ধ বিপন্ন ছিলেন। পরিবারে তাঁর ছেলে ও মেয়ে রয়েছেন। মহালয়ার মতো বিশেষ দিনে এমন মর্মান্তিক ঘটনায় শোকস্তব্ধ এলাকার বাসিন্দারা। একই সঙ্গে লোকালয়ে হাতির আনাগোনা এবং সাধারণ মানুষের নিরাপত্তা নিয়ে নতুন করে উদ্বেগ তৈরি হয়েছে।

বনবস্তি এলাকার বাসিন্দাদের আন্দোলন চরমে পৌঁছেছে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ অক্টোবর : বজ্রা গেটের সামনে অবস্থান বিক্ষোভে शामिल হলেন রাজাভাতখাওয়া বজ্রা এলাকার ১৮টি গ্রামের বাসিন্দারা। বজ্রা গেটের ওপারে থাকা ১৮টি গ্রামের বাসিন্দারা বেশ কয়েকদিন ধরেই বিভিন্ন দাবিতে আন্দোলন চালিয়ে যাচ্ছেন। এদিন রাজাভাতখাওয়া বজ্রা গেটের সামনে সড়কের ওপর বসে অবস্থান বিক্ষোভ করেন তাঁরা। একপ্রকার অবরোধের शामिल হন গ্রামবাসীরা। বাসিন্দাদের অভিযোগ, রাজাভাতখাওয়া গেট দিয়ে বজ্রা পাহাড়ের গ্রামে ঢুকতে গেলে আলিপুরদুয়ার জেলা বাসী কাছ থেকে শুল্ক নেওয়া হচ্ছে। এই শুল্ক আদায় বন্ধ করতে হবে। এছাড়াও তাঁদের আরও অভিযোগ, এই এলাকার বাসিন্দাদের মূল পেশা পর্যটন। পর্যটনের ওপর নির্ভর করেই এলাকার বাসিন্দারা জীবিকা নির্বাহ করেন। সেই পর্যটনকে বন্ধ করার চক্রান্ত চলছে। কোনওভাবেই এই পর্যটন বন্ধ করা যাবে না, এই দাবিতেই তাঁদের এই আন্দোলন। এদিনের এই অবস্থান বিক্ষোভে এলাকার কয়েকশো বাসিন্দা উপস্থিত ছিলেন।



Contact No: 9836753661 

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE
ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL



প্রসূতি মায়ের মৃত্যু ,ময়নাতদন্ত আলিপুরদুয়ারে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ অক্টোবর : এক প্রসূতি মায়ের মৃত্যুর ঘটনায় ব্যাপক চাকল্য ছড়িয়েছে। মৃতদেহ উদ্ধার করে শামুকতলা থানার পুলিশ আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে পাঠিয়েছে ময়নাতদন্তের জন্য। পুলিশ সূত্রে জানা গেছে সাত মাসের গর্ভবতী ছিলেন লোকনাথপুর এলাকার লাহাসী মুর্মু। তার বয়স ৩৩ বছর। গত কয়দিন যাবত তার শরীর খারাপের দরুন বাড়িতেই তার চিকিৎসা চলছিল। শনিবার সকাল ছয়টা দশ মিনিট নাগাদ তার পেটে ব্যথা হলে তাকে যশোডাঙ্গা গ্রামীণ হাসপাতালে নিয়ে আসা হয়। হাসপাতালে আনার পরেই চিকিৎসক তাকে দেখার পর মৃত বলে ঘোষণা করে। এরপরেই পুলিশকে খবর দিলে পুলিশ এসে সেই মৃতদেহ শামুকতলা থানায় নিয়ে যায়। সেখান থেকে তার মৃতদেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালে মর্গে পাঠায়। তার মৃত্যুতে তার আত্মীয় পরিজনেরা কান্নায় ভেঙে পড়েন হাসপাতাল চত্বরে।



Contact No: 9836753661 

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE
ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

